

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (২য় সংশোধিত)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-৩৬৪

তারিখঃ ১৯-০৪-২০২৬খ্রি.

বিষয়ঃ উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ খাতে (অর্থনৈতিক কোডে ৩২৩১৩০১) এ বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত।

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-৫৯৬, তারিখঃ ০৫-০৪-২০২৬খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরে বাস্তবায়নাধীন “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর (২য় সংশোধিত)” প্রকল্পে ২০২৫-২৬ অর্থ বছরে আরএডিপিতে ২১৩৩.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় যার মধ্যে প্রশিক্ষণ খাতে (৩২৩১৩০১ অর্থনৈতিক কোডে) ১১০৬.৫১ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে উল্লেখিত প্রশিক্ষণ কোডে উপজেলার পর্যায়ে ৮১৯.৭৮৩ লক্ষ টাকা ব্যয়ের জন্য আইবাস অথোরাইজেশন প্রদান করা হয়েছে। যার মধ্যে গত ৩১-০৩-২০২৬ খ্রি. পর্যন্ত ৬১৯.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে প্রশিক্ষণ খাতে প্রাপ্ত বরাদ্দ ১১০৬.৫১ লক্ষ টাকা হতে ৩১-০৩-২০২৬ খ্রি. পর্যন্ত ব্যয়কৃত ৬১৯.০০ লক্ষ টাকা বাদে ৪৮৭.৫১০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক অব্যয়িত ৪৮৭.৫১০ লক্ষ টাকার ৫০% অর্থাৎ ২৪৩.৭৫৫ লক্ষ টাকা ব্যয় করা যাবে। বর্তমানে প্রকল্প দপ্তরে প্রশিক্ষণ খাতে (৩২৩১৩০১ অর্থনৈতিক কোডে) ২৮৬.৭২৭ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। ফলে প্রকল্প দপ্তর হতে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কোডে (৩২৩১৩০১) আইবাস অথোরাইজেশনকৃত সমুদয় অর্থ ব্যয় করা হলে সূত্রস্থ পত্রের নির্দেশনার ব্যত্যয় হবেনা।

এমতাবস্থায়, প্রকল্প হতে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কোডে আইবাস অথোরাইজেশনকৃত সমুদয় অর্থ ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

১-৪৭৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.....।

  
(মোঃ আমজাদ হোসেন ভূঞা)

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ  
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (২য় সংশোধিত)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

মোবাইলঃ ০১৭০৯৮২৭৪০২

e-mail: [andfcdls@gmail.com](mailto:andfcdls@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ ময়মনসিংহ।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৬৪ জন)
- ৫। জেলা একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার,-----।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
- ৭। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (প্রকল্পের এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৮। অফিস কপি।